যুগান্তর

তারিখ 22 JAN 2007
পৃষ্ঠা ১৫ কলাম ৪

# রাজধানীর ২৪ সরকারি স্কুলের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

যুগান্তর রিপোর্ট

রাজধানীর ২৪টি সরকারি স্কুলের ভর্তি পরীক্ষার ফল রোববার প্রকাশিত হয়েছে। সকাল ১০টায় সব স্কুলে একযোগে ফল প্রকাশ করা হয়। মনোনীতদের আগামী ২৫ ও ২৯ জানুয়ারি স্ব-স্ব স্কুলে ভর্তি হতে হবে।

২৪টি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত মোট ৭ হাজার ৯৮৩টি আসনের জন্য এবার ভর্তি পরীক্ষা নেয়া হয়েছিল। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের উপ-পরিচালক রেজাউল করিম জানান, শূন্য পদের সমসংখ্যক শিক্ষার্থীকেই মেধাস্থান অনুযায়ী ভর্তির জন্য মনোনীত করা হয়। তিনি বলেন, মাউশি নির্ধারিত দু'দিনের বাইরে ফেব্রুয়ারি মাসেও স্কুলগুলোয় স্বাধীনভাবে ভর্তি করাতে পারবে। নির্ধারিত তারিখের পর যদি কোন স্কুলে আসন ফাঁকা থাকে, তবে সংশ্লিষ্ট স্কুলের চাহিদা ও মেধা অনুযায়ী ভর্তি করা হবে। এ জন্য ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের থেকে আবার মেধা অনুযায়ী রোল প্রকাশ করা হবে। তবে তা কিভাবে জানা সম্ভব তা তিনি জানাতে পারেননি।

উল্লেখ্য, এবার প্রায় ৮ হাজার আসনের বিপরীতে ৩৯ হাজার ৭৮৯ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষা দেয়। এর মধ্যে 'এ' গ্রুপের ৮টি স্কুলে ২ হাজার ৩১৪টি আসনের বিপরীতে ১১ হাজার ৬৬০ জন, 'বি' গ্রুপের ৮টি স্কুলে ৩ হাজার ১৮৬টি আসনে ১৪ হাজার ৫৪৩ জন এবং 'সি' গ্রুপের ৮টি স্কুলে ২ হাজার ৪৮৩ জন পরীক্ষায় অংশ নেয়।



যুগান্তর

মতিঝিল সরকারি বিদ্যালয়ে ভর্তি পরীক্ষার ফল জানতে অভিভাবকদের ভিড়